



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

### প্রেস রিলিজ

তারিখঃ ২৭/০৩/২০১৯ খ্রি:

### ‘বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সাম্প্রতিক কর্মসূচির প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় প্রশাসনের বক্তব্য’

সাম্প্রতিক সময়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের চলমান কর্মসূচিতে মাননীয় উপাচার্য মহোদয়ের যে বক্তব্যকে কেন্দ্র করে কর্মসূচি পালন করা হচ্ছে সে বিষয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের বক্তব্য নিম্নরূপ:

গত ২৬ মার্চ ২০১৯ তারিখ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে ‘বরিশাল বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি’ কর্তৃক আয়োজিত এক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, স্বাধীনতা দিবসের এই দিনে দুঃখ ভারাক্রান্ত মন নিয়ে আমি তোমাদের মাঝে উপস্থিত হয়েছি, আজকে বিশ্ববিদ্যালয় প্রশাসন মহান স্বাধীনতা দিবস উদ্‌যাপনের অংশ হিসেবে সকল সম্মানীত শিক্ষক, কর্মকর্তা, বরিশালের রাজনৈতিক ব্যক্তিবর্গ, বীর মুক্তিযোদ্ধা, স্থানীয় প্রশাসন, পুলিশ প্রশাসন, সুধীজন এবং সাংবাদিকদের সম্মানে একটি বৈকালিক চা-চক্রের আয়োজন করেছে। কিন্তু কিছু স্বার্থাঘেঁষী মহল স্বাধীনতা দিবসের এমন একটি অনুষ্ঠানকে বাধাগ্রস্ত করার চেষ্টা করেছে। যারা চেষ্টা করেছে তারা স্বাধীনতার চেতনায় বিশ্বাসী নয় বলেই আমার কাছে প্রতিয়মান হচ্ছে। তাঁদের কার্যক্রম রাজাকার সাদৃশ্য। মাননীয় উপাচার্য মহোদয় তাঁর বক্তব্যে কোথাও ঢালাওভাবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদেরকে রাজাকার বলেননি, বরং শিক্ষার্থীদের মধ্যে মুক্তিযোদ্ধার সন্তান, নাতী-নাতনী এবং মুক্তিযুদ্ধের স্ব-পক্ষের শক্তির বিভিন্ন শিক্ষার্থীরাও রয়েছে, তারা কোনভাবেই স্বাধীনতা দিবসের এই অনুষ্ঠানকে বাধাগ্রস্ত করতে পারেনা। কাজেই উপাচার্য মহোদয়ের যে বক্তব্যকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে পারস্পরিক ভুল বোঝাবুঝি সৃষ্টি করার অপপ্রয়াস চলছে তা কোনভাবেই কাম্য নয়।

অতএব বরিশাল বিশ্ববিদ্যালয়ের চলমান একাডেমিক কার্যক্রমের গতিশীলতা অব্যহত রাখার স্বার্থে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীদেরকে তাদের একাডেমিক কার্যক্রমে ফিরে যাওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)  
জনসংযোগ অফিস